

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 02-12-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

CM - BSF Rising Day :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন ভারত বাংলাদেশ সীমান্তে বি.এস.এফ নির্ঠার সাথে পুলিশকে সাথে নিয়ে নিরাপত্তার দায়িত্ব পালন করছেন। গতকাল শালবাগানে বিএসএফের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে একথা বলেন তিনি। অনুষ্ঠানে বি.এস.এফের আইজি অলোক কুমার চক্রবর্তী বি.এস.এফ এর সাফল্যের বিভিন্ন দিক তুলে ধরেন।

Lok Sabha :

আজ সকাল ১১টায় সংসদের দ্বিতীয় দিনের শীতলকালীন অধিবেশন বসবে। গতকাল প্রথমদিনে অধিবেশনের শুরুতেই লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা প্রয়াত চলচ্চিত্র অভিনেতা ধর্মেন্দ্র, অবসরপ্রাপ্ত কর্ণেল সোনারাম চৌধুরী, অধ্যাপক বিজয় মালহোত্রা ও রবি নায়েকের স্মৃতিচারণ করেন। পরে ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধন এস.আই.আর নিয়ে আলোচনার দাবি জানাতে থাকেন বিরোধী দলের সাংসদরা। এক সময়ে তারা ওয়েলে নেমে অধ্যক্ষের সামনে বিক্ষোভ দেখাতে শুরু করলে সারাদিনের মতো অধিবেশন মূলতুবি ঘোষণা করেন।

CP Radhakrishnan :

রাজ্যসভার চেয়ারম্যান সিপি রাধাকৃষ্ণন সংসদ সদস্যদের সংবিধান বহাল রাখতে এবং সংসদীয় আচরণের লক্ষ্মণ রেখার উপর জোর দিয়ে প্রতিষ্ঠিত নিয়ম অনুসরণ করার আহ্বান জানিয়েছেন। গতকাল থেকে শুরু হওয়া

শীতকালীন অধিবেশনের প্রথম দিনে চেয়ারম্যান একথা বলেন। এর আগে তাকে স্বাগত জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, সাধারণ পটভূমি থেকে উপ-রাষ্ট্রপতির উত্থান দেশের গণতন্ত্রের প্রকৃত শক্তিকে প্রতিফলিত করে। তার নির্দেশনায় হাউস গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেবে।

Byte-PM

PMSBY-West :

চলতি অর্থবছরে পশ্চিম ত্রিপুরা জেলায় ৬৩ হাজার ৫২১ জনকে প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনার আওতাভুক্ত করার জন্য লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। অক্টোবর মাস পর্যন্ত জেলার ৫৬ হাজার ৯৫৪ জনকে এই বীমা যোজনার আওতায় অন্তর্ভুক্ত করা হয়েছে। উল্লেখ্য, প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনায় বছরে মাত্র ২০ টাকা জমা দিয়ে দুর্ঘটনায় মৃত্যু বা সম্পূর্ণ স্থায়ী শারীরিক অক্ষমতার জন্য সংশ্লিষ্ট ব্যক্তির পরিবার ২ লক্ষ টাকা এবং আংশিক শারীরিক অক্ষমতার জন্য ১ লক্ষ টাকা পর্যন্ত আর্থিক সহায়তা পাবেন। ১৮ বছর থেকে ৭০ বছর বয়সী যে কোন ব্যাংক অ্যাকাউন্ট হোল্ডার এই স্কিমের আওতাভুক্ত হতে পারেন।

PM Janjatiya Unnat Gram Abhiyan :

কেন্দ্র জানিয়েছে প্রধানমন্ত্রী জনজাতীয় উন্নত গ্রাম অভিযান প্রকল্পে জনজাতী হোমস্টেট এবং গ্রাম সম্প্রদায়ের প্রয়োজনীয়তার উন্নয়ন ও সংস্কারে তহবিল সহায়তা প্রদানের জন্য ১৭ কোটি টাকারও বেশী অনুমোদন করা হয়েছে। লোকসভায় গতকাল এক প্রশ্নের লিখিত জবাবে এ তথ্য জানিয়েছেন পর্যটন ও সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখওয়াত।

E-Shram Portal :

কেন্দ্র জানিয়েছে যে ই-শ্রম পোর্টালে এখন পর্যন্ত ৩১ কোটিরও বেশি অসংগঠিত শ্রমিক এবং পাঁচ লাখেরও বেশি গিগ এবং প্ল্যাটফর্ম কর্মী নিবন্ধিত হয়েছে। লোকসভায় গতকাল এক প্রশ্নের লিখিত জবাবে শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী শোভা করন্দলাজে এ কথা বলেন।

TRLM-Khowai :

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন প্রকল্পে গ্রামীণ জনগোষ্ঠীর জীবিকা উন্নয়নের কাজের সার্বিক পর্যালোচনার জন্য গতকাল খোয়াই জিলা পরিষদের কনফারেন্স হলে এক বৈঠক অনুষ্ঠিত হয়। তিনটি ব্লকের সমস্ত টি-আর-এল-এম কর্মচারীরা বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠকে আকাশবাণীর জেলা সংবাদদাতা আশীষ চক্রবর্তীকে দেওয়া এক সাক্ষাৎকারে জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায় জানান, খোয়াই জেলায় ৮০ শতাংশ গ্রামীণ জনগোষ্ঠীর মানুষ জীবিকা উন্নয়নের ক্ষেত্রে এগিয়ে যাচ্ছে।

NEP :

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন বর্তমানে ছাত্রছাত্রীদের পড়াশোনার জন্য সুযোগ সুবিধা আগের তুলনায় অনেক বেড়েছে। গুণগত শিক্ষার ব্যবস্থা করতে কেন্দ্র ও রাজ্য সরকার নয়া শিক্ষানীতি চালু করেছে। গতকাল মোহনপুর স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ে নবাগত বিদ্যার্থীবরণ উৎসবের উদ্বোধন করে তিনি একথা বলেন। মন্ত্রী এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনে ছাত্রছাত্রীদের এগিয়ে আসার আহ্বান জানান।

Review Meeting - Belonia :

দক্ষিণ জেলার জেলা শাসক সাজ্জাদ পি'র পৌরহিত্যে গতকাল বিলোনিয়া পুর পরিষদের সভাকক্ষে বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজকর্মের অগ্রগতি নিয়ে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় এডিবি প্রকল্প, বন্যা-

সংক্রান্ত সমস্যা, সড়ক অবকাঠামো, পানীয় জল সরবরাহ ও বাঁধ উন্নয়ন সহ চলমান কাজগুলোর অগ্রগতি পর্যালোচনা করা হয়।

Minister Tinku Roy :

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় গতকাল কৈলাশহরের ঐতিহ্যবাহী রামকৃষ্ণ শিক্ষা প্রতিষ্ঠানের ৭৫বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত প্ল্যাটিনাম জয়ন্তী বর্ষ উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন কৈলাশহর রামকৃষ্ণ মিশন আশ্রমের সম্পাদক স্বামী গিরিজানন্দজী মহারাজ, ঊনকোটি জেলার পুলিশ সুপার সুধাম্বিকা আর প্রমুখ।

Weather :

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫ ডিগ্রি সেলসিয়াস।
